গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
সায়রাত অধিশাখা-১

স্মারক নং-৩১.০০.০০০০.০৫০.৬৮.০১০.১৮.

তারিখঃ ২৬.০১.১৪২৬ বঙ্গাব্দ
০৯.০৫.২০১৯ খ্রিস্টাব্দ

বিষয় ঃ **বগুড়া জেলার সদর উপজেলাধীন বিল নূরুইল ও গাবতলী উপজেলাধীন নিজ কাঁকড়া জলমহালের ইজারা মুল্য নির্ধারণ সম্পর্কে মতামত প্রদান।**

সূত্র ঃ জেলা প্রশাসক,বগুড়া এর স্মারক নং-০৫.০০.১০০০.০০৮.৬৭.০০৩.১৮.৩৫৪ তারিখঃ ১৯.০২.১৯ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বগুড়া জেলার বিল নূরুইল ও নিজ কাঁকড়া জলমহাল দুটি সিবিএফএম-২ প্রকল্পে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীনে ইজারাধীন ছিল। প্রকল্পের ইজারার মেয়াদ শেষ হওয়ার পর জলমহাল দুটির দখল স্বপ্রনোদিত ভবে ভূমি মন্ত্রণালয় তথা জেলা প্রশাসকের নিয়ন্ত্রনে আসবে। জেলা মৎস্য কর্মকর্তা দখল বুঝিয়ে দেয়া বা না দেয়ার সাথে বিষয়টি সম্পর্কিত নয়। কিন্তু জলমহাল দুটি সরকারের নিয়ন্ত্রনে না আনার কারণে সরকার বিপুল রাজস্ব থেকে বঞ্চিত হয়েছে। এক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের অবহেলা/গাফিলতি পরিলক্ষিত হচ্ছে।

২। বর্ণিত অবস্থায় বগুড়া জেলার গাবতলী ও সদর উপজেলাধীন বিল নূরুইল ও নিজ কাঁকড়া জলমহাল দুটি সিবিএফএম প্রকল্পের/ইজারার মেয়াদ শেষ হওয়ার পরও দীর্ঘ সময় পর্যন্ত জলমহাল দুটি সরকারের নিয়ন্ত্রনে আনয়ন করা হয়নি । জলমহাল দুটি ইজারা বিহীন থাকায় সরকারের বিপুল পরিমাণ রাজস্ব ক্ষতি হয়েছে। বিষয়টি সরেজমিন তদন্ত করে দায়-দায়িত্ব নির্ধারণ পূর্বক মন্ত্রণালয়কে অবহিত করণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তঃ ফর্দ্দ।

(মোঃ তাজুল ইসলাম মিয়া)
উপসচিব
ফোনঃ ৯৫৪৯১৭৫
Email mol_sairat_1@yahoo.com

বিভাগীয় কমিশনার
রাজশাহী বিভাগ
রাজশাহী।

স্মারক নং-৩১.০০.০০০০.০৫০.৬৮.০১০.১৮.৬৮/১৫৪৭

তারিখঃ ২৬.০১.১৪২৬ বঙ্গাব্দ
০৯.০৫.২০১৯ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ

১। জেলা প্রশাসক,বগুড়া।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব,ভূমি মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৩। সিস্টেম এনালিস্ট, ভূমি মন্ত্রণালয়, পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। অফিস কপি।

(মোঃ তাজুল ইসলাম মিয়া)
উপসচিব